

দেড় মাস পর বুয়েটের শিক্ষার্থীরা পরীক্ষায় বসলেন

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১২ মে, ২০২৪
০০:০০

শেয়ার

অ +

অ -



প্রায় দেড় মাস পর গতকাল শনিবার বর্জন ও স্থগিত হওয়া পরীক্ষায় বসেছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীরা। গতকাল সকালে রুটিন অনুযায়ী, ২০২২-২৩ শিক্ষাবর্ষের লেভেল-২ টার্ম-১ এর পরীক্ষা সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে। দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত লেভেল-৪ টার্ম-২-এর পরীক্ষা হয়।

এ বিষয়ে বুয়েটের ছাত্রকল্যাণ পরিদপ্তর পরিচালক পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আল আমিন সিদ্দিক কালের কণ্ঠকে বলেন, ‘শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে আমরা নতুন রুটিন প্রকাশ করেছিলাম।

সে অনুযায়ী, শনিবার থেকে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ক্যাম্পাসে ছাত্ররাজনীতির বিষয়ে শিক্ষার্থীদের যে অবস্থান, সেটি নিয়ে প্রশাসন আইনি লড়াই করবে—এ বিষয়ে শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করার পর আমরা নতুন পরীক্ষার রুটিন প্রকাশ করেছি।